



BCC

ফোনঃ ০২-৫৫০০৬৮৪৮, ফ্যাক্স: ৮৮০-২-৫৫০০৬৭৯১, ই-মেইল: bccinfo@bcc.net.bd, Web: www.bcc.gov.bd

## বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

### বিজ্ঞপ্তি

## যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২৪

আইসিটি বিভাগের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সেন্টার ফর সার্ভিসেস এন্ড ইনফরমেশন অন ডিজিটাল অ্যাভিলিটি (সিএসআইসিডি) এর সহযোগিতায় দেশে ৮ম বারের মত যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আইটি প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। দেশের যুব প্রতিবন্ধী ব্যক্তিদের নিকট হতে এ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

প্রতিযোগিতার স্থান: বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজী (বিইউবিটি), মিরপুর

তারিখ ও সময়: ৪ মে ২০২৪, শনিবার, সকাল ৮:০০ হতে বিকাল ৫:০০টা (আনুমানিক)

প্রতিযোগী যুব প্রতিবন্ধী ব্যক্তিদের বয়সসীমা: ১৪-২২ বছর (বয়সের প্রমাণপত্র হিসেবে জন্ম সনদ জমা দিতে হবে)।

প্রতিবন্ধিতার সনদ: সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধিতার সনদ (সুবর্ন কার্ড) জমা দিতে হবে।

শিক্ষাগত যোগ্যতা: কমপক্ষে অষ্টম শ্রেণী পাশ। প্রমাণ স্বরূপ জেএসসি সার্টিফিকেট ও মার্কশীট জমা দিতে হবে। তবে এনডিডি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সর্বনিম্ন ৬ষ্ঠ শ্রেণী পাশ হতে হবে। উচ্চতর যোগ্যতা সম্পন্ন প্রতিযোগীরা সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট/ মার্কশীট জমা দিবেন।

কম্পিউটার দক্ষতা: প্রতিযোগীদের অবশ্যই কম্পিউটার পরিচালনা, এপ্লিকেশন সফটওয়্যার (এমএস অফিস) ও ইন্টারনেট ব্যবহারে দক্ষতা থাকতে হবে।

আবেদনের পদ্ধতি: তিনভাবে আবেদন করা যাবে: ১. ডাকযোগে/ কুরিয়ার, ২. ই-মেইল এবং ৩. অনলাইন

প্রত্যেক প্রতিযোগীকে প্রয়োজনীয় সনদ, উপরে উল্লেখিত প্রমাণপত্র, ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি এবং ১কপি জীবন বৃত্তান্তসহ।

- ডাকযোগে/ কুরিয়ারে প্রেরণের ঠিকানা: “পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭” ঠিকানায় নির্ধারিত সময় সীমার মধ্যে ডাকযোগে/ কুরিয়ারে আবেদনপত্র পৌছাতে হবে। খামের উপর “যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা-২০২৪” লেখা থাকতে হবে।
- ই-মেইল: (ই-মেইল ঠিকানায় প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদন প্রেরণ করা যাবে): nitcpwdbcc2024@gmail.com
- অনলাইনে আবেদনের লিংক: <https://forms.gle/n6AYkTWwNuFn4v6t8>

আবেদনের সময়সীমা: ২৩ এপ্রিল ২০২৪ তারিখ বিকাল ৫ ঘটিকার মধ্যে।

প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও বিজয়ী যুব প্রতিবন্ধী ব্যক্তিগণের জন্য সুবিধাসমূহ:

এটি একটি জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা। এ প্রতিযোগিতায় বিজয়ী প্রতিযোগীদের আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে। এ ছাড়া প্রত্যেক প্রতিযোগীকে সনদ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিযোগীদের প্রত্যেককে যাতায়াত ভাতা প্রদান করা হবে। বিজয়ী প্রতিযোগীদের মধ্য হতে দক্ষতার ভিত্তিতে আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য দল গঠন করা হবে এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক পরিচালিত উচ্চতর কোর্সে এবং বিসিসি আয়োজিত চাকরি মেলায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

প্রতিযোগিতার বিষয়: মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট। প্রতিযোগিতার জন্য নির্বাচিত প্রার্থীর তালিকা বিসিসি'র ওয়েবসাইট ([www.bcc.gov.bd](http://www.bcc.gov.bd)) এ ২৯ এপ্রিল ২০২৪ তারিখ প্রকাশ করা হবে এবং ফোনে জানিয়ে দেয়া হবে। বিস্তারিত জানার জন্য বিসিসি'র ওয়েবসাইট ও ফেসবুক ([www.facebook.com/bcc.ict/](http://www.facebook.com/bcc.ict/)) পেজ দেখার অনুরোধ জানানো যাচ্ছে। [বিস্তারিত যোগাযোগ: জনাব মোঃ আক্তার হোসেন, সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার, সিএসআইডি, মোবাইলঃ ০১৮১০-১৫০১৯৬]

পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)  
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

Bangladesh Computer Council (6x4)\_Server-1\_Email\_\_21-03-2024